

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বহিষ্কৃত শিক্ষক মাহমুদুর রহমান গ্রেপ্তার

সংবাদ অনলাইন রিপোর্ট

: শনিবার, ২৩ আগস্ট ২০২৫

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বহিষ্কৃত শিক্ষক ও শাখা ছাত্রলীগের সাবেক সভাপতি মাহমুদুর রহমান ওরফে জনিকে (৩৬) পুলিশ গ্রেপ্তার করেছে।

মঙ্গলবার দিবাগত রাত তিনটার দিকে সাভারের ব্যাংক টাউন এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয়। বিষয়টি নিশ্চিত করেছেন সাভার মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জুয়েল মিঞা। তিনি জানান, সাভারে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সময় সংঘটিত একটি হত্যার ঘটনায় দায়ের করা মামলায় মাহমুদুর রহমানকে গ্রেপ্তার দেখানো হয়েছে।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, মাহমুদুর রহমান জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পাবলিক হেলথ অ্যান্ড ইনফরমেটিকস বিভাগের সহকারী অধ্যাপক ছিলেন। এছাড়া তিনি সহকারী প্রক্টরের দায়িত্বও পালন করেছেন। ২০২৩ সালে নৈতিক স্থলনের দায়ে তাকে বরখাস্ত করা হয়।

ছাত্রজীবনে ২০১২ থেকে ২০১৬ সাল পর্যন্ত তিনি বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি ছিলেন।